৬৭

ভোরের কাগজ

তারিখ ... JUL. 2 1 1999
পৃঃ ২ কলাম ২

# পশ্চিমবঙ্গের নাম এখন থেকে 'বাংলা'

ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের নাম এখন থেকে 'বাংলা' এবং রাজ্যের রাজধানী কলকাতার ইংরেজি বানান Calcutta-এর বদলে 'Kolkata' করার ব্যাপারে গতকাল মঙ্গলবার পশ্চিমবঙ্গ বিধানসভায় একটি সর্বদলীয় প্রস্তাব গৃহীত হয়েছে।

ভারতের সংবিধানে পশ্চিমবঙ্গের নাম 'ওয়েস্ট বেঙ্গল' আর ব্রিটিশ শাসনকাল থেকেই কলকাতা মহানগরীর ইংরেজি বানান Calcutta প্রচলিত আছে। স্বাধীনতার ৫২ বছর পর এই দুটি নাম বদলের প্রস্তাব বিধান সভায় গৃহীত হলো। উল্লেখ্য, এর আগে বোম্বাই শহরের নাম পাল্টে 'মুম্বাই' এবং মাদ্রাজের নাম 'চেন্নাই' করা হয়েছে।

রাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য বলেন, সংবিধানের ১৮৫ ধারা অনুযায়ী নামের এসব পরিবর্তনে কেন্দ্রের নতুন লোকসভার অনুমোদন প্রয়োজন। সবশেষে রাষ্ট্রপতি এতে সম্মতি দেবেন। কিন্তু বর্তমানে যেহেতু লোকসভা ভেঙে দেওয়া হয়েছে, তাই অনুমোদনের জন্য এই প্রস্তাবের একটি করে কপি কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী ও আইনমন্ত্রীর কাছে পাঠানো হবে।

নামের পরিবর্তন সম্পর্কে তিনি বলেন, এই দুটি নামের সঙ্গে ঔপনিবেশিক আমলের পরাধীনতার ছায়া থেকে গেছে। এই দুটি নামের পরিবর্তন রাজ্যের জনগণের দীর্ঘদিনের দাবি ছিল। পিটিআই।